গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
প্রধান কার্যালয়
বাড়ী নং-০৫, এভিনিউ-০৩, হাজী রোড, রূপনগর, মিরপুর-২, ঢাকা-১২১৬
www.pdbf.gov.bd

স্মারক সংখ্যা: ৪৭.৬৬.০০০০.০১০.১৮.৩৫.০৪-৪৪১৫

তারিখ: ২০ আশ্বিন ১৪৩২ / ০৫ অক্টোবর ২০২৫

# বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পিডিবিএফ-এর কতিপয় অসাধু কর্মচারী সরকারি এবং পিডিবিএফ-এর লোগো ব্যবহার করে বেনামী ফেসবুক আইডিতে অন্তর্বর্তীকালীন সরকার, মাননীয় উপদেষ্টা, সরকারি প্রতিষ্ঠান ও উর্ধ্বতন কর্মকর্তা সম্পর্কে নানারূপ অসত্য অপপ্রচারে লিপ্ত। সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ অনুযায়ী পরিহারযোগ্য যে কোনো পোস্ট ও ডকুমেন্ট শেয়ার সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য সার্ভিস রুলস পরিপন্থি ও অসদাচরণের শামিল। **পিডিবিএফ-এ কর্মরত এরূপ বেনামী ফেসবুক আইডি ব্যবহার এবং পরিচালনার সাথে নিযুক্ত ও জড়িত ব্যক্তিদের চিহ্নিতপূর্বক উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে।**

২। বেনামী ফেসবুক আইডি'র তালিকা:

| ক্রম | ফেক ফেসবুক আইডি | ক্রম | ফেক ফেসবুক আইডি |
|---|---|---|---|
| ১ | Sabiha Afrin | ১১ | সম্মিলিত পেশাজীবী পরিষদ পিডিবিএফ |
| ২ | আমরা পিডিবিএফ এর বোঝা হয়ে থাকতে চাই না | ১২ | চুক্তিভিত্তিক দৈনিকভিত্তিক ও সোলার |
| ৩ | জো বাই ডেন | ১৩ | বার্তাবাহক ঐক্য পরিষদ পিডিবিএফ |
| ৪ | পিডিবিএফ বৈষম্য দূরীকরণ | ১৪ | Rohima Aktar |
| ৫ | পিডিবিএফ বৈষম্য বিরোধী আন্দোলন | ১৫ | সত্যের সন্ধানে |
| ৬ | ঝিনুক ঝিনুক | ১৬ | অভিশপ্ত জীবন |
| ৭ | নিউজ আপডেট | ১৭ | PDBF Dhaka |
| ৮ | পিডিবিএফ খুলনা | ১৮ | ক্রাইম রিপোর্ট পিডিবিএফ |
| ৯ | পিডিবিএফ বাংলাদেশ | ১৯ | ধ্রুব তারা |
| ১০ | পিডিবিএফ শ্রমিক কল্যাণ ফেডারেশন | ২০ | Maksud pdbf |

৩। এমতাবস্থায়, পিডিবিএফ-এর সৎ ও নিষ্ঠাবান সাধারণ কর্মকর্তা-কর্মচারীগণকে উপরোক্ত বেনামী ফেসবুক আইডি'র বিষয়ে বিশেষভাবে সচেতনতা অবলম্বন ও বেআইনী কর্মকান্ডে জড়িত না হওয়ার জন্য বিশেষভাবে সতর্ক করা হলো। **এক্ষেত্রে মনে রাখা বাঞ্ছনীয় যে, চাকরি শৃঙ্খলা পরিপন্থি যে কোনো কর্মকাণ্ডের সাথে সংশ্লিষ্টতা কর্মচারীর ব্যক্তিগত দায় হিসেবে বিবেচিত হবে।**

৪। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

০৫।১০।২৫

**(মোঃ মামুনুর রশিদ)**
উপপরিচালক
প্রশাসন বিভাগ
পিডিবিএফ প্রধান কার্যালয়, ঢাকা

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) মহাপরিচালক, ডিরেক্টরেট জেনারেল অব ফোর্সেস ইন্টেলিজেন্স (ডিজিএফআই), ঢাকা সেনানিবাস, ঢাকা।
২) মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (এনএসআই), সেগুনবাগিচা, ঢাকা।
৩) চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের (বিটিআরসি), আগারগাঁও, ঢাকা।
৪) মাননীয় উপদেষ্টা একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫) সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬) সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭) সচিব একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮) অধিনায়ক, সেনা ক্যাম্প, মিরপুর, ঢাকা।
৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), রূপনগর থানা, মিরপুর, ঢাকা।
১০) নথিরক্ষক, প্রশাসন বিভাগ, পিডিবিএফ প্রধান কার্যালয়, ঢাকা।